খাগড়াছড়ি প্রেসক্লাবের নির্বাচিত নতুন কমিটির প্রথম সভা অনুষ্ঠিত

খাগড়াছড়ি – খাগড়াছড়ি প্রেসক্লাবের নতুন কমিটির প্রথম সভা সকল সদস্যদের নিয়ে অনুষ্ঠিত হয়েছে।
শনিবার(৪ জানুয়ারী) সকাল ১১টায় প্রেসক্লাবের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।
জুলাই বিপ্লবের পর অন্তর্বর্তীকালীন প্রেসক্লাবের কমিটি তিন মাস দায়িত্ব পালন করে। পরবর্তীতে নির্বাচনের মধ্য দিয়ে গণতান্ত্রিক উপায়ে নির্বাচিত নতুন কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়।
সভায় সভাপতিত্ব করেন, তরুণ কুমার ভট্টাচার্য সভাপতি খাগড়াছড়ি প্রেসক্লাব।
এতে বক্তব্য রাখেন, প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ জহুরুল আলম, সাধারণ সম্পাদক এইচ এম প্রফুল্ল, সহ সম্পাদক সমীর মল্লিক, শাহরিয়ার ইউনুচ, সাংগঠনিক সম্পাদক দিদারুল আলম, নিজাম উদ্দিন লাভলু, নাজিম প্রমূখ।
বক্তারা জুলাই বিপ্লবের নুতন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার উপর গুরুত্ব আরোপ করেন। পাশাপাশি সাংবাদিকতার মান মর্যাদা রক্ষার উপরও সকলের প্রতি আহ্বান জানানো হয়।